



বিশ্বকাপে সবচেয়ে বেশি পেনাল্টি মিস এখন মেসির



লিওনেল মেসি। ছবি: সংগৃহীত

অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচের শুরুতেই এগিয়ে যাওয়ার সুবর্ণ সুযোগ পেয়েও তা কাজে লাগাতে পারেননি আর্জেন্টিনা অধিনায়ক লিওনেল মেসি। ফিফা বিশ্বকাপের গুরুত্বপূর্ণ এই ম্যাচের ৮ম মিনিটে পেনাল্টি পায় আর্জেন্টিনা। বক্সের ভেতরে লাউতারো মার্টিনেজ ফাউলের শিকার হলে ভিএআর পর্যালোচনা শেষে স্পট কিকের নির্দেশ দেন রেফারি।

পেনাল্টি নিতে এসে লক্ষ্যভ্রষ্ট হন মেসি। তার শট পোস্টের বাইরে চলে গেলে শুরুতেই লিড নেওয়ার সুযোগ হারায় আলবিসেসেলস্তেরা। এই পেনাল্টি মিসের মধ্য দিয়ে বিশ্বকাপে সবচেয়ে বেশি পেনাল্টি মিসের রেকর্ড নিজের নামে লিখিয়েছেন মেসি। এর আগে ঘানার আসামোয়া জিয়ানের সঙ্গে দুটি করে পেনাল্টি মিস করে যৌথভাবে শীর্ষে ছিলেন তিনি। অস্ট্রিয়ার বিপক্ষে মিসের পর সেই অনাকাঙ্ক্ষিত রেকর্ডে এককভাবে এগিয়ে গেলেন আর্জেন্টাইন মহাতারকা। তবে ম্যাচটি এখনও মেসির সামনে নতুন কীর্তি গড়ার সুযোগ এনে দিতে পারে। অস্ট্রিয়ার বিপক্ষে জয় পেলে শেষ ষোলো নিশ্চিত করবে আর্জেন্টিনা। আর গোলের দেখা পেলে বিশ্বকাপের ইতিহাসে আরও কয়েকটি গুরুত্বপূর্ণ রেকর্ড স্পর্শ করার সম্ভাবনা রয়েছে তার।